

# শ্রীকৃষ্ণ কলেজ



শ্রীকৃষ্ণ কলেজ

বগুলা, নদিয়া

(NAAC দ্বারা শংসাপ্রাপ্ত)

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য :-

\*২০১৯-২০২০ শিক্ষাবর্ষে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অনুযায়ী এর অধীনস্থ সমস্ত কলেজগুলিতে Three Year (six semester) B.A./B.Sc./B.Com. (Honours & Programme/ Genereal) Courses of Studies চালু হয়েছে। এই ব্যবস্থায় কলেজ নির্ধারিত বিষয়সমূহ থেকে একটি সাম্মানিক (Honours), একটি জেনেরিক (Generic) বিষয় এবং তার সঙ্গে AECC - এর দুটি বিষয় পড়তে হবে। এই দুটি বিষয়ের মধ্যে একটি (আবশ্যিক) পরিবেশবিদ্যা (ENVS) ও অপরটি বাংলা বা ইংরেজির মধ্যে যে-কোনো একটি ভাষা। আবেদনকারীর পছন্দের সাম্মানিক ও জেনেরিক বিষয়ের সাপেক্ষে এই দুটি ভাষার মধ্যে কোনটি পড়তে হবে তা নির্ভর করবে।

\*\*বি.এ জেনারেলের ক্ষেত্রে কলেজ নির্ধারিত বিষয়সমূহ থেকে দুটি কোর (core) বিষয়, একটি জেনেরিক (Generic) বিষয় এবং তার সঙ্গে AECC - এর দুটি বিষয় পড়তে হবে। AECC বিভাগের নিয়ম সাম্মানিকের অনুরূপ এবং কলেজ নির্ধারিত হবে।

\*\*\*LCC ( Language Core Course) তে ইংরেজি প্রথম ও তৃতীয় সেমেস্টার এবং বাংলা দ্বিতীয় ও চতুর্থ সেমেস্টারে আবশ্যিক বিষয় হিসেবে পড়তে হবে।

\*\*\*\*প্রতি শিক্ষাবর্ষে ছয়মাস অন্তর একটি করে মোট দুটি সাম্মানিক (সেমিস্টার) পরীক্ষা হবে।

- ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি না থাকলে পরীক্ষায় বসতে দেওয়া যাবে না।

- ভর্তির নির্দেশিকা পুরোটা খুঁটিয়ে পড়া হলে তবেই অনলাইন আবেদন করার কাজ শুরু করতে হবে।
- কেবলমাত্র ২০১৭ , ২০১৮ ও ২০১৯ সালে উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ করা ছাত্র-ছাত্রীরা এই বছরের স্নাতক স্তরের প্রথম বর্ষে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে <http://srikrishnacollegebagula.ac.in> ওয়েবসাইটের মাধ্যমে।

- অনলাইনে ভর্তির জন্য আবেদন করার পদ্ধতি নিম্নরূপ:-

\*Bill Desk-এ কেবলমাত্র 230 টাকা (Rs. 230/-)ও সেই সঙ্গে চার্জ (Charge) জমা করে নিম্নবর্ণিত দুটি অনার্স ও একটি জেনারেল/প্রোগ্রাম কোর্সের জন্য আবেদন করা যাবে।

\*\* অনলাইনে আবেদন করার সময়সীমা :- ইং 28.05.2019 তারিখ বেলা 12:00 থেকে 06.06.2019 তারিখ (রাত বারোটা বাজার আগে পর্যন্ত)। আবেদন করার সময় যে মোবাইল নম্বর দেওয়া থাকবে, ভর্তি প্রক্রিয়া চলাকালীন সেই নম্বরের পরিবর্তন করা যাবে না।

- সমস্ত অনার্স এবং জেনারেল/ প্রোগ্রাম বিষয়ে অসংশোধিত প্রাথমিক মেধা তালিকা 09.06.2019 তারিখ বিকেল 8:00 (চারটের) পরে প্রকাশিত হবে।
- প্রাথমিক মেধা তালিকার সংশোধন চলবে 10.06.2019 তারিখ বিকেল 8.00(চারটে) পর্যন্ত (up to 4:00 P.M.)। অসংশোধিত মেধা তালিকায় কোনো ত্রুটি বা গড়মিল থাকলে আবেদনকারীকে কলেজে উপস্থিত হওয়ার প্রয়োজন নেই। **হেল্পলাইনে যোগাযোগ করে সংশোধনের ব্যবস্থা থাকবে। যোগাযোগ এর নম্বর - 8016835954.**
- সব বিষয়ের অনার্স ও জেনারেলের চূড়ান্ত মেধা তালিকা প্রকাশিত হবে 11.06.2019 তারিখে বিকেল 8.00(চারটের) পরে।

- শারীরশিক্ষা (Physical Education) বিষয়ে আবেদনকারীদের মাঠ-পরীক্ষা নেওয়া হবে না। সংরক্ষণের বিধি অনুযায়ী সরাসরিভাবে অনলাইনে ভর্তির জন্য সুযোগ দেওয়া হবে।
- সংরক্ষণের বিধি অনুযায়ী প্রথম পর্যায়ে অসংরক্ষিত ( জেনারেল) ও শারীরিকভাবে প্রতিবন্ধী সাম্মানিক (অনার্সের) জন্য আবেদনকারীদের ইং-13.06.2019 তারিখ বেলা ১১.০০ টার পর থেকে (after 11:00 A.M) 16.06.2019 তারিখ রাত বারোটা বাজার আগে পর্যন্ত (upto 12:00 midnight) ভর্তি নেওয়া হবে।
- এক বিষয়ে ভর্তি হয়ে সেই বিষয়ের পরিবর্তে আরেক বিষয়ে ভর্তি হতে গেলে কলেজে হাজির হয়ে আগের ভর্তি বাতিল (admission cancel) করতে হবে। নয়ত পরবর্তী বিষয়ে ভর্তি হওয়া যাবে না।
- সংরক্ষণের বিধি অনুযায়ী দ্বিতীয় পর্যায়ে সাম্মানিক ( অনার্সের) জন্য আবেদনকারীদের ইং 18.06.2019 তারিখ বেলা ১১.০০টার পর থেকে (after 11:00 A.M) 21 .06.2019 তারিখ রাত ১২.০০টার আগে পর্যন্ত (up to 12:00 Midnight) ভর্তি নেওয়া হবে।
- সংরক্ষণের বিধি অনুযায়ী তৃতীয় পর্যায়ে সাম্মানিক (অনার্স) কোর্সের জন্য এবং জেনারেল / প্রোগ্রাম কোর্সের জন্য আবেদনকারীদের ইং 23.06.2018 তারিখ বেলা ১১.০০টার পর থেকে (after 11 :00 A.M) 26.06.2019 তারিখ রাত ১২.০০টার আগে পর্যন্ত (up to 12:00 Midnight) ভর্তি নেওয়া হবে।
- সংরক্ষণের বিধি অনুযায়ী চতুর্থ পর্যায়ের সাম্মানিক (অনার্স) কোর্সের জন্য এবং জেনারেল / প্রোগ্রাম কোর্সের জন্য 28 .06.2019 তারিখ বিকেল ০৪.০০টার পর থেকে (after 04:00 P.M.) 01.07.2019 তারিখ রাত ১২.০০টার আগে পর্যন্ত (up to 12:00 Midnight) ভর্তি নেওয়া হবে।

- সংশ্লিষ্ট বিভাগের অধ্যাপকদের মাধ্যমে অনার্সের জন্য ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের শংসাপত্রের যাচাই ও অভিমুখ কর্মসূচী ( Orientation Programme)এর তারিখ পরে জানানো হবে।
- একবার ভর্তির সুযোগ হারালে পরবর্তীকালে ভর্তির কোনও সংস্থান নেই।
- পশ্চিমবঙ্গ সরকারের সংরক্ষণ বিধি এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী সমস্ত বিষয়ের মেধা তালিকা প্রস্তুত করা হবে এবং সেই মেধা তালিকার নিরিখে অনলাইনে ভর্তি নেওয়া হবে। আবেদনপত্রে বা আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত নথিপত্রে দেওয়া তথ্য ভুল প্রমাণিত হলে তৎক্ষণাত্ সেই আবেদনপত্রটি বাতিল করা হবে ।
- অনলাইনে ভর্তি হওয়ার পড়ে নির্ধারিত সময়ের মধ্যে সমস্ত নথিপত্র কলেজের অফিসঘরে জমা দিতে হবে এবং পরিচয়পত্র (Identity Card) সংগ্রহ করতে হবে।
- ভর্তি বাতিল করতে হলে আবেদনকারীকে সরাসরি অধ্যক্ষ (Principal) মহাশয়ের কাছে দেখা করে লিখিত ভাবে সেই মর্মে আবেদন করতে হবে।
- ভর্তির আবেদন করলেই ভর্তির নিশ্চয়তা দেওয়া হয় না।
- বিশেষ কারণে ভর্তির সূচীর পরিবর্তন ঘটলেও ঘটতে পারে।

**ড: শুকদেব ঘোষ**  
**অধ্যক্ষ**